

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
হোসেনপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ১১৫

তারিখ: ২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২৩


অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই- গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় সকল অধ:স্তন দপ্তর/সংস্থার জন্য একটি সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত সেবা চূড়ান্ত করনের লক্ষ্যে বিগত ০১/০২/২০২৩ তারিখে সমবায় অধিদপ্তর, ঢাকায় অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা কার্যালয়সমূহের জন্য সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধন ২০০২, ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” বিষয়টি নির্বাচন করত উক্ত “ সেবা সহজীকরণ” এর ধাপসমূহ নিম্নরূপ নির্ধারন করা হলো।

প্রস্তাবিত ধাপসমূহ

১. অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পূরণ।
২. পূরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইল প্রেরণ।
৩. উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরন নথিতে উপস্থাপন।
৪. সমিতির শেয়ার মূলধন ৫০,০০০.০০(পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে জেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরন। সমিতির শেয়ার, মূলধন ৫০,০০০.০০(পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান করবে।
৫. জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ ও ডাইরিভুক্ত করন।
৬. জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন।
৭. জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ই-মেইল বা ই-নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরণ।

০২। এ অবস্থায় সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধন ২০০২, ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” এর ক্ষেত্রে বিদ্যমান ধাপসমূহের ক্ষেত্রে উল্লিখিত ধাপসমূহ যথাযথভাবে অনুসরনের জন্য অনুরোধ করা হলো।



মোঃ শফিকুল ইসলাম
উপজেলা সমবায় অফিসার
হোসেনপুর, কিশোরগঞ্জ।


তারিখ- ১৬/০৩/২০২৩ খ্রি.

স্মারক নং- ১১৫(২)

কার্যাথে ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১। জনাব.....সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, হোসেনপুর, কিশোরগঞ্জ।

২। অফিস কপি।


উপজেলা সমবায় অফিসার
হোসেনপুর, কিশোরগঞ্জ।